

৪৮
(প্রমদাবাবুকে লিখিত)

রামকৃষ্ণে জয়তি

বাগবাজার, কলিকাতা
৪ঠা জুন, ১৮৯০

পূজ্যপাদেষু,

আপনার পত্র পাইয়াছি। আপনার পরামর্শ অতি বুদ্ধিমানের পরামর্শ, তদ্বিষয়ে সন্দেহ কি, তাঁহার যাহা ইচ্ছা তাহাই হইবে -- বড় ঠিক কথা। আমরাও এ স্থানে ও স্থানে দুই চারিজন করিয়া ছড়াইতেছি। গঙ্গাধর-ভায়ার পত্র দুইখানি আমিও পাইয়াছি -- ইনফ্লুয়েঞ্জা হইয়া গগনবাবুর বাটীতে আছেন এবং গগনবাবু তাঁহার বিশেষ সেবা ও যত্ন করিতেছেন। আরোগ্য হইয়াই আসিবেন। আপনি আমাদের সংখ্যাতে দন্ডবৎ জানিবেন। ইতি

দাস

নরেন্দ্র

অভেদানন্দ প্রভৃতি ভাল আছেন। ইতি

নরেন্দ্র